

মুক্তাগাছায় ডিগ্রী ফেল

ছাত্রদের তাওব ॥

শিক্ষক লাঞ্চিত

ময়মনসিংহ, ১ আগস্ট, নিজস্ব সংবাদদাতা ॥ মুক্তাগাছা শহীদ স্মৃতি সরকারী কলেজের ডিগ্রী পরীক্ষায় ফেল করা বিক্ষুব্ধ ছাত্ররা আজ রবিবার সকালে কলেজে হামলা ও ভাংচুরের তাওব চালিয়েছে। ছাত্ররা অধ্যক্ষের কক্ষ তখন ছ করে এবং ভাংচুর চালায়। এ সময় ছাত্ররা কলেজের এক শিক্ষককেও লাঞ্চিত করে। মুক্তাগাছা থানা প্রশাসনের একটি সূত্র জানায়, গত ডিগ্রী পরীক্ষায় মুক্তাগাছা সরকারী কলেজ থেকে ১০৬ পরীক্ষার্থী অংশ নেয়। শনিবার প্রকাশিত ফলাফলে এর মধ্যে মাত্র ৮ পরীক্ষার্থী পাস করে। এ ঘটনায় রবিবার সকালে ফেল করা বিক্ষুব্ধ ছাত্ররা কলেজ গেটে অবস্থান নেয় এবং পরে আধঘণ্টাব্যাপী ভাংচুর তাওব চালায়। এ সময় কলেজের পদার্থবিদ্যা বিভাগের এক শিক্ষককেও উত্তেজিত ছাত্ররা লাঞ্চিত করে। এ ঘটনায় থানা প্রশাসন ও কলেজ শিক্ষকসহ স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দের মধ্যে দুপুরে এক সভা হয়েছে।